127

তারিখ ... 06 AUG 1997 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

দৈনিক ইনকিলাব

## ভিসির সাথে ছাত্রনেতাদের সভা

# উত্তপ্ত বাক্য বিনিময় ছাত্রদল ও ছাত্র ঐক্য নেতাদের ওয়াক-আউট

বিশ্ববিদালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালগের সূর্যসেন হল পরিস্থিতি নিয়ে ছাত্রদল, ছাত্রলীগসহ সকল ছাত্র সংগঠনের নেতাদের সাথে ভিসির সভা গতরাত ১১টার পর কোন ধরনের সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়েছে। রাত ১০টায় ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র ঐক্য নেতৃবৃন্দ সভা থেকে ওয়াক-আউট করেন। ফলে কোন সিদ্ধান্ত হয়নি। সভায় সকল হলে বিতাড়িত ছাত্রদল-ছাত্রলীগ কর্মীদের হলে উঠানো, সূর্যসেন হলে অবস্থানকারী অন্য হলের ২০ জন ছাত্রদল কর্মীকে সরিয়ে নেয়া এবং সূর্যসেন হল গেট থেকে মুজিব ও জিয়ার ছবি মুছে ফেলার

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ভিসির সাথে ছাত্রনেতাদের সভা

প্রথম পৃষ্ঠার পর

বিষয় নিয়ে বিকেল ৫টা থেকে রাত ১১টা পর্যন্ত অনুষ্ঠিত দীর্ঘ সভায় ছাত্রদল ও ছাত্রলীগ নেতারা পরস্পর-বিরোধী বক্তব্য রাখেন। ভিসি প্রফেসর একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে সভায় প্রো-ভিসি প্রফেসর শহীদ উদ্দীন আহমদ, প্রক্টর, হল প্রভোস্টগণ, ছাত্রদল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীমসহ ছাত্র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ছাত্রদল ও ছাত্রলীগ সভাপতির উত্তপ্ত বাক্য বিনিময়ের পর ছাত্রদল নেতৃবৃন্দ ওয়াক-আউট করেন। তারা বলেন, ছাত্রলীগ সভাপতি ধমক দিয়ে কথা বলেছেন, এরপর গণতান্ত্রিক ছাত্র ঐক্য নেতারাও ওয়াক-আউট করেন। পরে ভিসি বলেন, তিনি ছাত্রদল নেতাদের সাথে আলোচনা করে সব হলে সব সংগঠনের কর্মীদের উঠানোর ব্যাপারে আজ সিদ্ধান্ত দেবেন।